# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৫৯২ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৮৪]

১৭/ নিষিদ্ধ বিষয়াবলী (كتاب الأمور المنهي عنها)

পরিচ্ছেদঃ ২৭৭ : চুক্তি ও প্রতিশ্রুতি ভঙ্গ করার নিষেধাজ্ঞা

(277) بَابُ تَحْرِيْمِ الْغَدْرِ

---

আরবী

وَعَنْ عَبدِ اللهِ بن عَمرِو بنِ العَاصِ رَضِيَ اللهُ عَنْهُمَا : أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، قَالَ: «أَرْبَعٌ مَنْ كُنَّ فِيهِ كَانَ مُنَافِقاً خَالِصاً، وَمَنْ كَانَتْ فِيهِ خَصْلَةٌ مِنْهُنَّ كَانَ فِيهِ خَصْلَةٌ مِنَ النِّفَاقِ حَتَّى يَدَعَهَا : إِذَا اؤْتُمِنَ خَانَ، وَإِذَا حَدَّثَ كَذَبَ، وَإِذَا عَاهَدَ غَدَرَ، وَإِذَا خَاصَمَ فَجَرَ» . متفق عَلَيْهِ .

বাংলা

আল্লাহ তা’আলা বলেন,

[يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا أَوْفُوا بِالْعُقُودِ﴾ [المائدة: ١ ﴾

অর্থাৎ হে ঈমানদারগণ! তোমরা চুক্তিসমূহ পূর্ণ কর। (সূরা মায়েদাহ ১ নং আয়াত)

তিনি আরও বলেছেন,

[وَأَوْفُوا بِالْعَهْدِ إِنَّ الْعَهْدَ كَانَ مَسْئُولًا﴾ [الاسراء: ٣٤﴾

অর্থাৎ আর প্রতিশ্রুতি পালন করো; নিশ্চয়ই প্রতিশ্রুতি সম্পর্কে কৈফিয়ত তলব করা হবে। (সূরা বানী ঈস্রাঈল ৩৪ আয়াত)

---

১/১৫৯২। আব্দুল্লাহ ইবনে আমর ইবন ’আস রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, নবী রাদিয়াল্লাহু আনহু বলেছেন, ’’চারটি স্বভাব যার মধ্যে থাকবে সে খাঁটি মুনাফিক গণ্য হবে। আর যে ব্যক্তির মাঝে তার মধ্য হতে একটি স্বভাব থাকবে, তা ত্যাগ না করা পর্যন্ত তার মধ্যে মুনাফিকদের একটি স্বভাব থেকে যাবে। [সে স্বভাবগুলি হল,] ১। তার কাছে আমানত রাখা হলে খিয়ানত করে। ২। কথা বললে মিথ্যা বলে। ৩। ওয়াদা করলে তা ভঙ্গ করে এবং ৪।

ঝগড়া-বিবাদে লিপ্ত হলে অশ্লীল ভাষা বলে।” (বুখারী ও মুসলিম) [1]

## English

(277) Chapter: Prohibition of the Treachery and Breaking one's Covenant

Allah, the Exalted, says:
"O you who believe! Fulfill (your) obligations.'' (5:1)
"And fulfill (every) covenant. Verily! The covenant will be questioned about.'' (17:34)

'Abdullah bin 'Amr bin Al-'As (May Allah be pleased with them) said:
The Messenger of Allah (ﷺ) said, "Whosoever possesses these four characteristics is a sheer hypocrite; and anyone who possesses one of them possesses a characteristic of hypocrisy till he gives it up. These are: when he is entrusted with something, he proves dishonest; when he speaks, he tells a lie; when he makes a covenant, he proves treacherous; and when he quarrels, he behaves in very imprudent, evil, insulting manner."

[Al-Bukhari and Muslim].

Commentary: This Hadith has already been mentioned (Hadith No. 1544). The traits mentioned in this Hadith are peculiar to hypocrites and every Muslim is required to abstain from them. Excellence of character is riveted with Faith. The nobility of character is invariably reflected in Faith, and where there is no Faith there will be little excellence of character.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৩৪, ২৪৫৯, ৩১৭৮, মুসলিম ৫৮, তিরমিযী ২৬৩২, নাসায়ী ৫০২০ আবূ দাউদ ৪৫৮৮, আহমাদ ৬৭২৯, ৬৮২৫, ৬৮৪০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🗌 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=28038

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন